গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.২৩৬.২১.২৪৯

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.
০৪ আশ্বিন, ১৪২৮ ব.

প্রেরকঃ উপপরিচালক (কাবিখা-২)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ,ঢাকা।

প্রাপকঃ চিফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।

**বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় ১ম কিস্তির বিভাগীয় কমিশনারগণের অনুকূলে ১ম কিস্তির নগদ অর্থ বরাদ্দ প্রদান।**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১২-০৯-২০২১ খ্রি. তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.২১.২৫৬নং মঞ্জুরী আদেশের আলোকে ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় তাঁর বিভাগের অন্তর্ভুক্ত জেলাসমূহে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত ১ম কিস্তির ছাড়কৃত সর্বমোট **৪,১৭,০০,০০০/- (চার কোটি সতের লক্ষ) টাকা** নিম্নবর্ণিত শর্ত ও বিভাজন অনুযায়ী বিভাগীয় কমিশনারগণের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো।

২। এ ব্যয় ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে ।

৩। চীফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসারকে সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে অথরিটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার সংখ্যা | প্রতি জেলায় প্রাপ্য | বিভাগ অনুযায়ী বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা বিভাগ | ১৩ টি | ৬,৫১,৫৬২.৫ টাকা হারে | ৮৪,৭০,৩১২.৫০ |
| ২. | চট্টগ্রাম বিভাগ | ১১ টি | | ৭১,৬৭,১৮৭.৫০ |
| ৩. | রাজশাহী বিভাগ | ৮ টি | | ৫২,১২,৫০০.০০ |
| ৪. | খুলনা বিভাগ | ১০ টি | | ৬৫,১৫,৬২৫.০০ |
| ৫. | বরিশাল বিভাগ | ৬ টি | | ৩৯,০৯,৩৭৫.০০ |
| ৬. | সিলেট বিভাগ | ৪ টি | | ২৬,০৬,২৫০.০০ |
| ৭. | রংপুর বিভাগ | ৮ টি | | ৫২,১২,৫০০.০০ |
| ৮. | ময়মনসিংহ বিভাগ | ৪ টি | | ২৬,০৬,২৫০.০০ |
| **সর্বমোট** | **০৮ (আট) টি বিভাগ** | **৬৪ টি** | | **৪,১৭,০০,০০০.০০ (চার কোটি সতের লক্ষ) টাকা** |

**শর্তসমূহঃ-**

(১) ২০২১-২০২২ অর্থবছরে ১ম কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১-০১-২০২২ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(২) ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ অনুসরণ করে সত্তর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(৩) এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, টিআর নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী (সোলার অংশ ব্যতিরেকে) যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) **চলতি ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/স্কীম গ্রহণ করা যাবে না।**

(৫) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(অঃ পৃঃ দ্রঃ)



Scanned with CamScanner

(৬) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা; প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইন বোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;

(৭) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৮) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

(৯) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;

(১০) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;

(১১) বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু করা এবং অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(১২) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুইপার্শ্বে স্থানীয় কৃষিবিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপণের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে;

(১৩) বজ্রপাত প্রতিরোধে বজ্র নিরোধক দন্ড/যন্ত্র (Lightning Arrester) এবং ছাউনি স্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে;

(১৪) জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারী সম্পদ রক্ষার্থে 'ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প গ্রহণ করা যাবে;

(১৫) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে;

(১৬) প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(১৭) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

১৯/০৯/২০২১

(মোঃ আবুল কালাম আজাদ)
উপপরিচালক (কাবিখা-২)
☎ ০২৪৮৮১২২৩০
ই-মেইল: ddmreport@gmail.com

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.২৩৬.২১.২৪১

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. / ০৪ আশ্বিন, ১৪২৮ ব.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা............................................................, বাংলাদেশ জাতীয় সংসদ, সংসদ ভবন, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ..................................(সকল)।
৩। জেলা প্রশাসক, ..................................(সকল)।
৪। পরিচালক (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৫। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ibas++ এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।]
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ....................................জেলা-.................................(সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার,.........................................জেলা-..................................(সকল)।
৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (বরাদ্দ পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ..................................(সকল)।
১০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ..................................(সকল)। (উল্লিখিত অর্থ ibas++ এ ছাড়করণের জন্য উপ-বরাদ্দের কপি ffwibasreport@gmail.com-এ ই-মেইল প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ..................................., জেলা-...........................................(সকল)।
১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,...............................জেলা-..........................................(সকল)।
১৩। সহকারী হিসাব রক্ষক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।

(অঃ পৃঃ দ্রঃ)



Scanned with CamScanner

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার অনুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক (বাজেট/কাবিখা-১/৩), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।

৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [পরিচালক (কাবিখা) মহোদয়ের সদয় অবগতির জন্য)]।

৭। অফিস কপি।

২১/০৩/২০২২

(মোঃ আবুল কালাম আজাদ)
উপপরিচালক (কাবিখা-২)
☎ ০২৪৮৮১২২৩০
ই-মেইল: ddmreport@gmail.com

Scanned with CamScanner